

Ref: ASHIKA/ASHIKA-IWED project/2026-2585

তারিখ: ২৫/০৩/২০২৬ইং

প্রশিক্ষক নিয়োগের জন্য আবেদন আহ্বান (RFA)

বিষয়: বাঁশ ও বেত হস্তশিল্প পণ্য তৈরির উপর প্রশিক্ষণের জন্য প্রশিক্ষক নিয়োগে আবেদন আহ্বান।

গ্লোবাল এ্যাফেয়ার্স অব কানাডা’র অর্থায়নে এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) কারিগরি সহযোগিতায় আশিকা ডেভেলোপমেন্ট এসোসিয়েটস কর্তৃক ProGRESS প্রকল্পের অধীনে বাস্তবায়নাধীন IWED প্রকল্পের বাঁশ ও বেত শিল্প পণ্য তৈরির উপর ১৫ (পনের) জনের একটি উৎপাদককারী দলকে (Producer Group) ১২ (বার) দিনের এক প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। এ লক্ষ্যে বাঁশ ও বেত শিল্পের বিভিন্ন পণ্য তৈরির উপর মানসম্পন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য অভিজ্ঞ ও যোগ্য প্রশিক্ষক/ প্রতিষ্ঠান থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

প্রশিক্ষণের উদ্দেশ্য:

বাঁশ ও বেত শিল্পে দক্ষতা বৃদ্ধি, মানসম্মত পণ্য উৎপাদন এবং টেকসই জীবিকায়ন নিশ্চিত করা।

প্রশিক্ষণের বিষয়বস্তু:

- বাঁশ ও বেত সংগ্রহ, নির্বাচন ও প্রস্তুত প্রক্রিয়া
- বিভিন্ন ধরনের পণ্য তৈরির প্রক্রিয়া বা কৌশল
- মান নিয়ন্ত্রণ ও ফিনিশিং
- বাজারজাতকরণ সম্পর্কে প্রাথমিক ধারণা

প্রশিক্ষকের শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা:

- ন্যূনতম এসএসসি/সমমান (অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য)
- বাঁশ ও বেত শিল্পে বাস্তব কাজের অভিজ্ঞতা (অগ্রাধিকারযোগ্য ৩-৫ বছর)
- বিভিন্ন ধরনের বাঁশ-বেতের পণ্য (ফার্নিচার, হস্তশিল্প ইত্যাদি) তৈরিতে দক্ষতা
- কাঁচামাল নির্বাচন, প্রস্তুত প্রক্রিয়া, বুনন ও ফিনিশিং সম্পর্কে বাস্তব জ্ঞান
- পূর্বে প্রশিক্ষক হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার
- দল পরিচালনা ও হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়ার সক্ষমতা
- ভালো যোগাযোগ ও প্রশিক্ষণার্থীদের সহজভাবে শেখানোর দক্ষতা
- প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত করার সক্ষমতা
- নিরাপদ কাজের পরিবেশ ও মান নিয়ন্ত্রণ সম্পর্কে ধারণা

প্রশিক্ষকের দায়িত্ব ও কর্তব্য

১. প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রস্তুতি

- প্রশিক্ষণ কার্যক্রমের পরিকল্পনা তৈরি ও মডিউল প্রস্তুত করা।
- প্রয়োজনীয় উপকরণ, সরঞ্জাম ও কাঁচামাল নিশ্চিত করা।

২. হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান

- বাঁশ ও বেত পণ্য তৈরির বিভিন্ন প্রক্রিয়া বা কৌশল শেখানো।
- মানসম্মত উৎপাদন পদ্ধতি এবং নিরাপদ কাজের নিয়ম শিক্ষার্থীদের জানানো।

৩. মূল্যায়ন ও পরামর্শ প্রদান

- প্রশিক্ষণ চলাকালীন শিক্ষার্থীদের দক্ষতা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা।
- উন্নতির জন্য প্রয়োজনীয় পরামর্শ এবং প্রতিক্রিয়া প্রদান।

৪. স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণ

- নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখা।
- সরঞ্জাম ব্যবহার ও কাঁচামালের নিরাপত্তা বিধি শিক্ষার্থীদের জানানো।

৫. প্রশিক্ষণ রিপোর্টিং

- অংশগ্রহণকারীর উপস্থিতি, কার্যক্রম ও অর্জিত দক্ষতার রিপোর্ট আশিকা কর্তৃপক্ষকে জমা দেওয়া।
- প্রশিক্ষনের প্রয়োজনীয় সরঞ্জাম বা উপকরণ বিষয়ে তথ্য জানানো।

৬. উদ্বুদ্ধকরণ ও পেশাগত মনোভাব

- শিক্ষার্থীদের মধ্যে পেশা হিসেবে বাঁশ ও বেত শিল্পে কাজ করার আগ্রহ সৃষ্টি করা।
- দলবদ্ধভাবে কাজ করার দক্ষতা ও সৃজনশীলতা উৎসাহিত করা।

আবেদন জমা দেওয়ার পদ্ধতি:

আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠানকে আগামী ০৪/০৪/২০২৬ ইং তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, আশিকা ডেভেলোপমেন্ট এসোসিয়েটস, রাজামাটি পার্বত্য জেলা বরাবর আবেদনপত্রসহ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত নিম্নলিখিত ইমেইল ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো: info@ashikacht.org, সাথে অনুলিপি (CC) প্রেরণ করতে হবে: coxy@ashikacht.org এবং subrata@ashikacht.org

বিশেষ দৃষ্টব্য: আবেদনপত্রে অবশ্যই প্রশিক্ষন ফি উল্লেখ করবেন।

কর্তৃপক্ষ

আশিকা ডেভেলোপমেন্ট এসোসিয়েটস
রাজামাটি পার্বত্য জেলা।

ASHIKA
Development Associates